

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

بَابٌ فِي ذَهَابِ الْعِلْم

## আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ، أَنبَأَنَا هِشَامٌ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " إِنَّ اللَّهَ لَا يَقْبِضُ الْعِلْمَ انْتِزَاعًا يَنْتَزِعُهُ مِنَ النَّاسِ، وَلَكِنْ: قَبْضُ الْعِلْمِ قَبْضُ الْعُلَمَاءِ، فَإِذَا لَمْ يُبْقِ عَالِمًا، اتَّخَذَ النَّاسُ رُءُوسًا جُهَّالًا فَسُئِلُوا، فَأَفْتَوْا بِغَيْرِ عِلْمٍ، فَضَلُّوا وَأَضَلُّوا

إسناده صحيح والحديث متفق عليه

## বাংলা

২৪৫. আব্দুল্লাহ ইবনু আমর ইবনুল আস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আল্লাহ মানুষদের (অন্তর) থেকে ইলমকে জবরদন্তিভাবে উঠিয়ে নেন না, বরং আলিমদেরকে উঠিয়ে নেয়ার মাধ্যমে ইলমকে উঠিয়ে নেন। ফলে যখন একজন আলিমও অবশিষ্ট থাকবেন না, তখন 'জাহিল/মূর্খ'-দেরকে লোকেরা তাদের নেতা (অনুসরনীয় ব্যক্তিত্ব) বানিয়ে নেবে। তখন তাদেরকে (মাস'আলা-মাসায়েল) জিজ্ঞাসা করা হলে তারা ইলম ছাড়াই ফাতওয়া দেবে। ফলে তারা নিজেরাও পথভ্রম্ভ হবে এবং অন্যদেরকেও পথভ্রম্ভ করবে।[1]

## ফুটনোট

[1] তাহকিক: এর সনদ সহীহ। এটি বুখারী মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী ১০০, ৭৩০৭ ; সহীহ মুসলিম ৪/৪৭ নং ২৬৭৩; (আহমদ ৬৫২১); ইবনু আবী শাইবা, ১৫/১৭৭ নং ১৯৪৩৬... বিস্তারিত তাখরীজ দেখুন সহীহ ইবনু হিব্বান ৪৫৭১, ৬৭১৯, ৬৭২৩।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন